

এশিয়া প্যাসিফিকে ২ দিনব্যাপী চিত্র প্রদর্শনী

বেসরকারি বিশ্ববিদ্যালয়সাহিত্য ও সংস্কৃতিহাইলাইটস
Feb 12, 2017 419 0



ফয়সাল আহমেদ অনিক

গত ৫ ও ৬ ফেব্রুয়ারী ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে অনুষ্ঠিত হয়ে গেল দুই দিন ব্যাপী চিত্র প্রদর্শনী। বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের ফটোগ্রাফি ক্লাব ফটোফিলিকের উদ্যোগে “The Expressions 3” শিরোনামে বিশ্ববিদ্যালয়ের প্লাজাতে এই প্রদর্শনীর আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। আরও উপস্থিত ছিলেন ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. স্বর্ণালী ইসলাম খন্দকার, ফটোফিলিক ক্লাবের উপদেষ্টা অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া, ক্লাব কো-অরডিনেটর সহযোগী অধ্যাপক মোহাম্মাদ শাহরিয়ার, ফাউন্ডার মেম্বার সামিহ মাহবুব এবং ফার্মেসী বিভাগের সকল শিক্ষক শিক্ষিকাবৃন্দ। এছাড়া সকল ডিপার্টমেন্টের ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত প্রদর্শনীতে উপস্থিত ছিল।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, “যুব সমাজকে পড়ালেখার পাশাপাশি এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিসের উপর জোর দিতে হবে।” এছাড়া তিনি ফটোফিলিক ক্লাবের সাফল্য কামনা করেন।

ক্লাবের উপদেষ্টা অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ক্লাবের পূর্বের কার্যক্রম থেকে শুরু করে সাম্প্রতিক বিভিন্ন কর্মকাণ্ড সংক্ষেপে তুলে ধরেন।

এছাড়া ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. স্বর্ণালী ইসলাম খন্দকার তার বক্তব্যে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষকে সার্বিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং শ্রদ্ধার সাথে তার প্রাক্তন সহকর্মী সহকারী

অধ্যাপক রাজীব হাসানকে স্মরণ করেন। যার হাত ধরে ফটোফিলিক ক্লাব দীর্ঘ ৬ বছর অতিক্রম করে আজকের এই পর্যায়ে এসেছে।

ফটোফিলিক ক্লাবের এই দীর্ঘ পথচলার সাফল্যের স্বীকৃতি স্বরূপ উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী এবং বিভাগীয় প্রধান অধ্যাপক ড. স্বর্ণালী ইসলাম খন্দকার, ক্লাবের উপদেষ্টা অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া, ক্লাব কো-অরডিনেটর সহযোগী অধ্যাপক মোহাম্মাদ শাহরিয়ারের হাতে একটি ক্রেস্ট তুলে দেন। এসময় তাদের সাথে ছিলেন ক্লাবের বর্তমান সভাপতি সাকিব মাহমুদ।

দুই দিন ব্যাপী চিত্র প্রদর্শনীর শেষ দিনে, বিভিন্ন বিভাগের অংশগ্রহণকারী প্রথম, দ্বিতীয়, তৃতীয় প্রতিযোগীদের মাঝে ক্রেস্ট এবং সার্টিফিকেট তুলে দেন, বিভাগীয় প্রধান অধ্যাপক ড. স্বর্ণালী ইসলাম খন্দকার, ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া এবং সহযোগী অধ্যাপক মোহাম্মাদ শাহরিয়ার।#

<https://education24.net/bn/%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%AB%E0%A6%BF%E0%A6%95%E0%A7%87-%E0%A7%A8-%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%AC%E0%A7%8D/>